

রেজিস্টার্ড নং ডি এ-১



# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারি ২২, ২০০৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শ্রম ও কর্মসংহাল মন্ত্রণালয়

শাখা-৫

## প্রজ্ঞাপন

তারিখ, ৫ মাঘ ১৪০৯/১৮ জানুয়ারি ২০০৩

এস.আর.ও ১৪-আইন/২০০৩—যেহেতু Essential Services (Second) Ordinance, 1958 (E.P.Ord. No.XLI of 1958), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 3 এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র মন্ত্রণালয়ের ১৩-০৭-০২ইং তারিখের প্রজ্ঞাপন নম্বর এস.আর.ও ১৯১-আইন/০২ শ্রক্রম-৫/৪(২)/২০০২ দ্বারা নৌ-পরিবহন মন্ত্রণালয়ের অধীন চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের সকল শ্রেণীর চাকুরীর ক্ষেত্রে উক্ত Ordinance থ্যোজ্য ঘোষণা করিয়াছে, যাহার মেয়াদ আগামী ১৩-০১-০৩ইং তারিখে শেষ হইবে; এবং

যেহেতু উপরি-উক্ত কর্তৃপক্ষের সকল শ্রেণীর চাকুরীর ক্ষেত্রে উক্ত Ordinance প্রয়োগের প্রয়োজনীয়তা তদ্পরবর্তীতেও বিদ্যমান থাকিবে;

সেহেতু সরকার উক্ত Ordinance এর section 3 এর sub-section (2)-এ প্রদত্ত ক্ষমতাবলে এই মর্মে ঘোষণা করিল যে, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের সকল শ্রেণীর চাকুরীর ক্ষেত্রে উক্ত Ordinance আগামী ১৩-০১-২০০৩ইং তারিখ হইতে আরও ৬(ছয়) মাস প্রযোজ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আনোয়ারুল ইসলাম  
উপ-সচিব(শ্রম)।

শেখ মোঃ মোবারক হোসেন, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(২১৭)

মূল্য : টাকা ১.০০